দৈনিক বাংলা

তারিখ ... 29 DEC 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

40

# চট্টগ্রাম ভার্সিটির ঘটনা তদন্তে কমিটি গঠন করুন ঃ সিণ্ডিকেট

চট্টগ্রাম, ২৮শে ডিসেম্বর (বাসস)।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সেন্ডিকেটের এক জরুরী সভায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের গত ২২শে ডিসেম্বরের ঘটনা তদন্তের জন্য হাইকোর্টের একজন বিচারপতির নেতৃত্বে একটি তদন্তকমিটি গঠনের দাবী জানানো

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটির

(প্রথম পৃঃ পর)

হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আলমগীর মোহাম্মদ সিরাজউদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত সেন্ডিকেটের এই সভায় এ দাবী জানানো হয়। বিশ্ববিদ্যালয় এলাকা থেকে বেআইনী অস্ত্র উদ্ধারের জন্য সরকারের প্রতি আহ্বান জনানো হয়।

ফারুকুজ্জামানের (ফারুক) মৃত্যুতে সভায় শোক প্রকাশ এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানানো হয়। সভায় মরহুমের রুহের মাগফেরাত কামনা করা হয়।